

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২. ৭৯৪

তারিখঃ ২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
১০ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

জনাব মোহাম্মদ ইদ্রিস আহমেদ  
লন্ডন প্লাজা, পুট-৩৫  
ঢাকা ময়মনসিংহ রোড  
সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০।  
ফোন-০১৭২২-৮৯৭৬৪৫।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।**

- সূত্রঃ (১) আবেদন নং-১৮ (উত্তরা পূর্ব), এসই (পিএন্ডডি)-২০২, তাং-২৯/৩/২০২২ খ্রিঃ।  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৩৩০, তারিখ-০৮/০৫/২০২২ খ্রিঃ।  
(৩) ১০/০৫/২২ তারিখের পে-অর্ডার নং-২৯৫১৮৭১ (এসআইবিএল), টাকা = ৭,২১০/-  
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২২.৩৪৪, তারিখ-১৬/০৫/২০২২ খ্রিঃ  
(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২২.৭৭৩, তারিখ-০১/১১/২০২২ খ্রিঃ  
(৬) ৯/১১/২২ তারিখের পে-অর্ডার নং-৩০৪৩০৪৭ (এসআইবিএল), টাকা = ৬,১৮০/-  
(৭) ৯/১১/২২ তারিখের পে-অর্ডার নং-৩০৪৩০৪৮ (এসআইবিএল), টাকা = ৯২৭/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'লন্ডন প্লাজা', পুট-৩৫, ঢাকা ময়মনসিংহ রোড, সেক্টর-৩, উত্তরা, ঢাকা বাণিজ্যিক ভবনের জন্য বিদ্যমান ৩৯৪ কিঃওঃ লোডের অতিরিক্ত ২০৬ কিঃওঃ বৃদ্ধি করে সর্বমোট (৩৯৪+২০৬)= ৬০০ (ছয়শত) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২৩ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

**শর্তসমূহঃ**

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (উত্তরা পূর্ব) বরাবর আবেদন করতে হবে। স্থায়ী নতুন সংযোগ গ্রহণের পূর্বে রাজউক/সংশ্লিষ্ট সংস্থা হতে ভবনের যথাযথ ব্যবহার সনদ (Occupancy Certificate) জমা প্রদান করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-২০২০ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রয়োজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রয়োজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ভবিষ্যতে বর্তমান চাহিদাকৃত লোডের অতিরিক্ত লোড বৃদ্ধি করতে হলে আন্ডারগ্রাউন্ড ক্যাবলের মাধ্যমে সংযোগ প্রদান করা হবে বিবেচনায় RMU স্থাপনের নিমিত্তে প্রধান সড়কের পার্শ্বে গ্রাউন্ড ফ্লোরে ন্যূনতম ১০ ফুট উচ্চতা বিশিষ্ট ১৫'x১২' বর্গফুটের একটি কক্ষ ডেসকো বরাবর হস্তান্তর এবং ডেসকো পলিসি গাইড লাইন মোতাবেক ডিপোজিট স্কীমের আওতায় প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের প্রাক্কলিত ব্যয় পরিশোধ করতে হবে।
- উক্ত ছাড়পত্র মার্চ-২০২৩ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



(প্রকৌঃ মোঃ আখেরুজ্জামান ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, উত্তরা সার্কেল, ডেসকো।
- নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (উত্তরা পূর্ব)।
- অফিস কপি।